

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষকের ACS -এর সর্বোচ্চ ইমপ্যাক্ট ফ্যাক্টর (IF 52.758) জার্নাল Chemical Reviews -এ আর্টিকেল প্রকাশ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক জগদীশ চন্দ্র সরকার এবং কিংস কলেজ লন্ডন এর রসায়ন বিভাগের অধ্যাপক গ্রায়েম হোগাথ এর যৌথ নিবন্ধটি আমেরিকান কেমিক্যাল সোসাইটি (ACS) -এর Chemical Reviews ওয়েবসাইটে (১৩ এপ্রিল, ২০২১) ইমপ্যাক্ট ফ্যাক্টর (IF 52.758) জার্নাল -এ আর্টিকেল প্রকাশ করে।

যৌথভাবে প্রকাশিত আর্টিকেল এর শিরোনাম হলো-"Dithiocarbamate Complexs as Single Source Precursors to Nanoscale Binary, Ternary and Quaternary Metal Sulfide."

এ রিভিউ পেপারে মলিক্যুলার ও ম্যাটেরিয়ালস রসায়নের মধ্যে সংযোগ স্থাপন করা হয়েছে যেখানে ডাইথাইয়োকার্বামেট যৌথ থেকে মেটাল সালফাইড ন্যানোমেটেরিয়ালস তৈরি করা হয় এবং ডাইথাইয়োকার্বামেটই একমাত্র বিক্রিয়ক বা উৎস।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ তাকে অভিনন্দন জানান। তিনি আরো বলেন প্রকাশিত আর্টিকেল- এর মাধ্যমে বিশ্বের দরবারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সুনাম আরো বৃদ্ধি পাবে।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



উল্লেখ্য ১৯২৪ সাল থেকে প্রকাশিত ACS তাদের সবচেয়ে জনপ্রিয়, সর্বাধিক উল্লেখ্যযোগ্য কেমিক্যাল রিভিউ প্রকাশ করেছে। প্রথম বাংলাদেশী হিসেবে জগদীশ চন্দ্র সরকার- এর আমেরিকান কেমিক্যাল সোসাইটি (ACS) -এর Chemical Reviews -এ আর্টিকেল প্রকাশ করে। এছাড়াও ২০১৭ সালে জার্মানিতে ৬৭তম নোবেল লরিয়েট মিটিংসে বাংলাদেশের এই তরুণ বিজ্ঞানী ৩০ জন নোবেল বিজয়ীর সাথে একসপ্তাহ ধরে মতবিনিময় করেন।